

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৪৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - আযান

আরবী

وَعَنْ أَبِي مَحْذُورَةَ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَّمَهُ الْأَذَانَ تِسْعَ عَشْرَةَ كَلِمَةً وَالْإِقَامَةَ سَبْعَ عَشْرَةَ كَلِمَةً. رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَالدَّارِمِيُّ وَابْنُ مَاجَهْ

বাংলা

৬৪৪-[৪] আবূ মাহযূরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে উনিশ বাক্যে আযান আর সতের বাক্যে ইকামাত(ইকামত/একামত) শিক্ষা দিয়েছেন। (আহমাদ, তিরমিয়ী, আবূ দাউদ, নাসায়ী, দারিমী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ: আহমাদ ২৬৭০৮, আবূ দাউদ ৫০২, তিরমিয়ী ১৯২, নাসায়ী ৬৩০, ইবনু মাজাহ্ ৭০৯, দারিমী ১১৯৭, সহীহুল জামি' ২৭৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আযান-এর বাক্য উনিশটি। প্রথমে ৪ বার আল্লা-হু আকবার, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হু বাক্যটি তারজী' সহ ৪ বার, আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্লা-হু বাক্যটি তারজী সহ ৪ বার, হাইয়়া আলাস্ সলা-হু ২ বার, হাইয়়া 'আলাল ফালা-হু ২ বার, আল্লা-হু আকবার ২ বার, শেষে ১ বার লা- ইলা-হা ইল্লাল্লা-হ, এ মোট উনিশ বাক্য। আযানের মধ্যে তারজী' সুন্নাহসম্মত হওয়ার পক্ষে এ হাদীস স্পষ্ট দলীল। ইক্লামাতের বাক্য সতেরটি। প্রথমে আল্লা-হু আকবার ৪ বার, শাহাদার বাক্য দু'টিতে তারজী' বাদ দিতে হবে, আর ক্লদ্ ক্ল-মাতিস্ সলা-হ্ বাক্যটি ১ বার যোগ করতে হবে। বাকী বাক্যগুলো আযানের মতই থাকবে। তাহলেই ইক্লামাতের বাক্য সতেরটি হয়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন